

প্রেস বিজ্ঞপ্তি

নদীর সীমানা পিলার, ওয়াকওয়ে এবং জেটি নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন

১০,৮২০ টি সীমানা পিলার, ২২০ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ করা হবে- নৌপরিবহন মন্ত্রী

ঢাকা, ৫ অক্টোবর;

বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরে অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং উচ্ছেদকৃত জায়গা যাতে পুনরায় দখল হয়ে না যায় সে লক্ষ্যে ৫২ কিলোমিটার ওয়াকওয়ে (হাঁটার রাস্তা) নির্মাণ করা হচ্ছে। পর্যায়ক্রমে ঢাকার চারপাশে নৌপথের দু'তীরে ২২০ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ করা হবে। নদীর সীমানা চিহ্নিত করার লক্ষ্যে ১০,৮২০টি টেকসই সীমানা পিলার নতুন করে স্থাপন করা হবে।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান আজ আশুলিয়া ল্যান্ডিং স্টেশন প্রাঙ্গণে নদীর সীমানা পিলার, ওয়াকওয়ে, ইকোপার্ক এবং জেটি নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, নদী বাংলাদেশের প্রাণ। নদী হারিয়ে গেলে বাংলাদেশের অস্তিত্ব থাকবেনা। তিনি নদী রক্ষায়, এর দখল ও দূণলরোধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ৫২ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণের পাশাপাশি ৪৪,৭৮৩ মিটার ব্যাংক প্রটেকশন, ১,০০০ মিটার কি-ওয়াল, ১৯টি আরসিসি স্টেপসহ আরসিসি জেটি, তিনটি ইকোপার্ক এবং ১০,৮২০ টি সীমানা পিলার নির্মাণ করবে। এজন্য ব্যয় হবে ৮৪৮ কোটি ৫৫ লাখ টাকা। চার বছর মেয়াদী এ প্রকল্পের মেয়াদ ২০২২ সালের জুন পর্যন্ত।

এ প্রকল্পের আওতায় ঢাকা নদী বন্দরের অন্তর্ভুক্ত রামচন্দ্রপুর থেকে বসিলা পর্যন্ত ৩.৫৫, রায়েরবাজার খাল থেকে কামরাস্কীরচর পর্যন্ত ৪.৪৫, হাসনাবাদ-কাওটাইল ৮.৩৫, সদরঘাট- বাবুবাজার ব্রীজ পর্যন্ত এক কিলোমিটার, ফতুল্লা-ধর্মগঞ্জ ৩.৫০, টঙ্গি নদী বন্দরের আওতায় বাতুলিয়া উজানপুর ৩.৭২৫, পাগার মৌজা-হারবাইদ ৩.০৬৮ আশুলিয়া কামারপাড়া (ঢাকা প্রান্ত) ৩.৫৬, আশুলিয়া-কামারপাড়া (গাজীপুর প্রান্ত) ৩.৭৫০, নারায়ণগঞ্জ নদী বন্দরের আওতায় ডিইপিটিসি এলাকা ২.৫০, নারায়ণগঞ্জ সাইলো হতে কুমুদিনী ৮.৫৫ এবং সুলতানা কামাল-কাঁচপুর সেতু এলাকা পর্যন্ত ৬ কিলোমিটার সর্বমোট ৫২ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ করা হবে।

উল্লেখ্য, ঢাকার চারপাশে ১১০ কিলোমিটার এলাকা জুড়ে বৃত্তাকার নৌপথ রয়েছে। উক্ত নৌপথের দু'তীরে মোট ২২০ কিলোমিটার তীরভূমি রয়েছে। বৃত্তাকার নৌপথটি বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদী দ্বারা বেষ্টিত। ইতিপূর্বে ঢাকা, টঙ্গি ও নারায়ণগঞ্জ নদী বন্দরের অধীনে ২০ কিলোমিটার ওয়াকওয়ে এবং ঢাকার শ্যামপুরে ও নারায়ণগঞ্জে দু'টি ইকোপার্ক নির্মাণ করা হয়েছে।

বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংসদ সদস্য সাহারা খাতুন, প্রকল্প পরিচালক নুরুল আমিন, আওয়ামী লীগ নেতা মোঃ আফসারউদ্দিন, তুরাগ থানা আওয়ামী লীগের সহ-সভাপতি মোঃ নাসির ও মোঃ বারেক।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)

সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

নৌপরিবহন মন্ত্রণালয়

☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)

☎ ৫৮৬১৬৮৭০ (বাসা)

০১৭১১৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com